

গণ-বিজ্ঞপ্তি


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোঃ তোফায়েল ইসলাম, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

০২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২৮৬ চট্টগ্রাম-৯ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম ও থানা নির্বাচন অফিসার, কোতয়ালী, চট্টগ্রাম এর কার্যালয়ে) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে (www.ecs.gov.bd)।

তারিখঃ ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর



মোঃ তোফায়েল ইসলাম
বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম

ও

রিটার্নিং অফিসার
২৮৬ চট্টগ্রাম-৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম
- ৩। রিজিয়ন কমান্ডার, বিজিবি, দক্ষিণ পূর্ব-রিজিয়ন, চট্টগ্রাম
- ৪। উপ-মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
- ৫। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন/রাজস্ব/সার্বিক), চট্টগ্রাম
- ৬। উপ-মহাপরিচালক, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম ও পার্বত্য রেঞ্জ, চট্টগ্রাম
- ৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম
- ৮। অধিনায়ক, র‍্যাব-৭, চট্টগ্রাম
- ৯। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
- ১০। পুলিশ সুপার, চট্টগ্রাম
- ১১। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
- ১২। উপপ্রধান তথ্য অফিসার, প্রেস ইনফরমেশন বিভাগ, চট্টগ্রাম (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম
- ১৪। থানা নির্বাচন অফিসার, কোতয়ালী, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
- ১৫। অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট থানা, চট্টগ্রাম
- ১৬। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, চট্টগ্রাম
- ১৭। নোটিশ বোর্ড



বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম

ও

রিটার্নিং অফিসার

২৮৬ চট্টগ্রাম-৯